

হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে চাকরি প্রার্থীরা

জেলা বাতী পরিবেশক, দিনাজপুর

দিনাজপুর, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকরি প্রার্থীরা গতকাল মঙ্গলবার বিকেলে চাকরির জন্য দেয়া ঘুঘুর টাকা ফেরতের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে। তারা রেজিস্ট্রারকে অকথা ভাষায় গালাগালি সহ প্রধান গেটে তালা লাগিয়ে দেয়। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।

চাকর প্রার্থীদের অভিযোগ, দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়টি বর্তমানে দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। লোক নিয়োগের বিষয়ে রেজিস্ট্রার প্রফেসর মো. আবদুল মজিদে বিকশে অনেক অভিযোগ রয়েছে। শিক্ষা কমিশনের সদস্য, সাবেক সেনাপ্রধান এবং বিশ্ববিদ্যালয়ের একজন প্রফেসরকে নিয়ে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত টিম করা হয়। পরিস্থিতি সামাল দিতে অনেক চাকরি প্রার্থীকে টাকা ফিরিয়ে দেয়া হয়েছে বলে জানা গেছে।

অভিযোগ, দেড় থেকে ২ লাখ টাকার বিনিময়ে এ বিশ্ববিদ্যালয়ে চাকরি বেচা-কেনা হচ্ছে। তদন্তের কারণে অভিযোগকারীরা বেশকিছুদিন চুপচাপ ছিল। কিন্তু এ মাসের ২৫ তারিখে একটি জাতীয় দৈনিকে মাত্র ৩ দিনের সময়ের মধ্যে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৬৪ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের বিজ্ঞপ্তি

প্রচারের পর অনেক চাকরি প্রার্থী ক্ষিপ্ত হয়ে ওঠে। কারণ তাদের কাছ থেকে দেড় থেকে ২ লাখ পর্যন্ত টাকা নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'মুলো' ঝুলিয়ে রেখেছে। বিচ্ছুক ৬০ জন চাকরি প্রার্থী 'চাকরি না দিলে টাকা ফেরত দেয়া হোক' এই স্লোগানে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ মিছিল করে। তাদের সঙ্গে এলাকার বেশকিছু জনতা যোগ দেয়। এক পর্যায়ে চাকরি প্রার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান দুটি গেটে তালা লাগিয়ে দেয়।

বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোশারফ হোসেন মিক্রা সংবাদকে জানান, টাকা ফেরতের জন্য নয়, চাকরির দাবিতে স্থানীয় কিছু লোকজন বিশ্ববিদ্যালয়ের গেটে তালা লাগিয়ে দেয়। এ বিষয়ে সহায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক কর্তার বৈঠকে বসে।